

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

২য় মূল্যায়ন পরীক্ষা ২০২১

শ্রেণিঃ একাদশ

বিষয়ঃ অর্থনীতি

বিষয় কোডঃ ১০৯

সময়ঃ ১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমানঃ ৫০ নম্বর

(সুজনশীল)

(৩টি প্রশ্নের উত্তর দিতে হবে)

নিচের অনুচ্ছেদটি পড় ও প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১। রিহান দোকানে গিয়ে ১টি কলম কিনল। কলমটি থেকে সে ৪ ইউটিল উপযোগ পেল। রিহান ২টি কলম থেকে উপযোগ পায় ৭ ইউটিল। পরবর্তীতে ৩টি কলম থেকে সে উপযোগ পায় ৯ ইউটিল। বিক্রেতা আরো কলম কিনতে বলায় সে ৪ টি কলম কিনে উপযোগ পেল ১০ ইউটিল।

(ক) উপযোগ কাকে বলে?

(খ) মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ শূন্য হয়-ব্যাখ্যা করো।

(গ) উদ্দীপকের আলোকে মোট উপযোগ রেখাচিত্রের সাহায্যে দেখাও।

(ঘ) উদ্দীপকের তথ্য অনুযায়ী প্রান্তিক উপযোগ ক্রমহ্রাসমান তা ব্যাখ্যা করো।

২। করিম ভ্যাটিকান সিটি নামক দেশে বাস করে। তার দেশে খাদ্যের পর্যাপ্ত মজুদ ছিল কিন্তু বেকার সমস্যা ছিল প্রকট। জনগণের হাতে পর্যাপ্ত অর্থ ছিল না। ফলে সে সময় সে দেশের মানুষ ক্ষুধায় কষ্ট পেত। পরিস্থিতি মোকাবেলায় সরকার খাদ্য আমদানি বৃদ্ধি এবং মোবাইল কোর্টের মাধ্যমে ভেজালবিরোধী কার্যক্রম জোরদার করে।

(ক) খাদ্য নিরাপত্তা কী?

(খ) নিরাপদ ও অনিরাপদ খাদ্যের মধ্যে ২টি করে পার্থক্য লিখ।

(গ) উদ্দীপকের দেশটিতে খাদ্য নিরাপত্তার কোন দিকটি বিঘ্নিত হয়েছে?

(ঘ) উদ্দীপকের পরিস্থিতি মোকাবেলায় সরকারি পদক্ষেপসমূহের যথার্থতা বিশ্লেষণ করো।

৩। 'ক' দেশের গত ৫ বছরের মজুরি ও শ্রমের যোগান নিম্নরূপঃ

মজুরি (টাকায়)	শ্রমের যোগান (হাজারে)
৩০০	২০০
৩৫০	২৩০
৪০০	২৬০
৪৫০	২৪০
৫০০	২১০

(ক) শ্রম বাজার কাকে বলে?

(খ) দামস্তর কীভাবে প্রকৃত মজুরিকে প্রভাবিত করে?

(গ) উদ্দীপকের আলোকে 'ক' দেশের শ্রমের যোগান রেখা অংকন করো।

(ঘ) উদ্দীপক থেকে প্রাপ্ত যোগান রেখার আলোকে 'ক' দেশের অর্থনৈতিক অবস্থা ব্যাখ্যা করো।

(বহুনির্বাচনী)

১। বিনিময় প্রথা প্রচলিত ছিল কোন যুগে?

(ক) প্রাচীন (খ) মধ্য (গ) আদি হিন্দু (ঘ) আধুনিক

২। ইংরেজরা প্রথম বাংলায় কারখানা স্থাপন করেন কবে?

(ক) ১৬৫১ সালে (খ) ১৫৬১ সালে (গ) ১৭৬১ সালে (ঘ) ১৭৫৭ সালে

৩। মুসলিম যুগ বিখ্যাত-

i. কামান ii. তরবারি iii. গোলাবারুদ

নিচের কোনটি?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪। নিচের কোনটি চলক?

(ক) P (খ) X (গ) k

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। অস্থিতিস্থাপক চাহিদা প্রকাশ হয় নিচের কোনটির মাধ্যমে?

(ক) $EP=1$ (খ) $EP>1$ (গ) $EP<1$ (ঘ) $EP\sim 1$

৬। অর্থনীতিতে গিফেন দ্রব্য কে প্রথম ব্যাখ্যা করেন?

(ক) পেনসন (খ) মার্শাল (গ) রবার্ট আইরিশ (ঘ) স্মিথ

৭। শ্রমের দক্ষতার পরিমাপক নিচের কোন উপায়ে?

(ক) $EL=Q/P$ (খ) $EL=Q/T$

(গ) $EL=WT/Q$ (ঘ) $EL=Q/WT$

নিচের অনুচ্ছেদটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব আসগর সাহেব ১ম, ২য় ও ৩য় আম ভোগ করে উপযোগ পেল যথাক্রমে ৫, ৪ ও ৩ ইউটিল। কিন্তু পরবর্তীতে তিনি ৪র্থ আম ভোগ করে পূর্বের তুলনায় কম উপযোগ পেল।

৮। জনাব আসগর সাহেবের আম খাওয়ার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?

- (ক) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
(খ) ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
(গ) ক্রমবর্ধমান প্রান্তিক উপযোগ বিধি
(ঘ) ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি

৯। জনাব আসগর সাহেবের মোট দ্রব্য ভোগের পরিমাণ কত?

- (ক) ১ একক (খ) ২ একক (গ) ৩ একক (ঘ) ৪ একক

১০। মানবসমাজের প্রাচীনতম পেশা কোনটি?

- (ক) ব্যবসায় (খ) চাকরি (গ) শিল্প (ঘ) কৃষি

নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাওঃ

দাম বাড়লে চাহিদার পরিমাণ কমে, আর দাম বাড়লে যোগানের পরিমাণ বাড়ে।

আবার, দাম কমলে চাহিদার পরিমাণ বাড়ে, আর দাম কমলে যোগানের পরিমাণ কমে।

১১। উদ্দীপকের আলোকে দামের সাথে চাহিদার কীরূপ সম্পর্ক বিদ্যমান?

- i. বিপরীত ii. সমান iii. কোনটিই নয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) i ও ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২। উদ্দীপকে দামের সাথে যোগানের কীরূপ সম্পর্ক বিদ্যমান ?

- (ক) বিপরীত (খ) সমান (গ) উভয় (ঘ) কোনটিই নয়

১৩। বিশ্ব খাদ্য সম্মেলন কত সালে অনুষ্ঠিত হয়?

- (ক) ১৯৭২ (খ) ১৯৭৮ (গ) ১৯৯৬ (ঘ) ১৯৯৯

১৪। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার নাম কী?

- (ক) Foodex (খ) Faw (গ) UNICEF (ঘ) Fao

১৫। বাংলাদেশের আয়তন কত বর্গমাইল-

- i. ৫৫৫৯৮ ii. ১৪৭৫৭০ iii. প্রায় ৫৬০০০

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i ও iii

১৬। যে ধ্রুবকের মান অজানা থাকে, তাকে বলে-

- (ক) চলক (খ) ধ্রুবক (গ) অপেক্ষক (ঘ) পরামিতি

১৭। চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা এগুলো শ্রমিকের কোন মজুরির অন্তর্ভুক্ত?

- (ক) সাধারণ (খ) আর্থিক (গ) প্রকৃত (ঘ) বিবিধ

১৮। NGO বলতে কী বোঝায়?

- (ক) সরকারি প্রতিষ্ঠান (খ) বেসরকারি প্রতিষ্ঠান
(গ) সমবায় প্রতিষ্ঠান (ঘ) স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান

১৯। বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলকে বলে-

- (ক) EPZ (খ) EPC (গ) EPS (ঘ) EPX

২০। খাদ্য নিরাপত্তাকে ইংরেজিতে বলা হয়-

- (ক) Food Security (খ) Food Planning
(গ) Food Safety (ঘ) Food Sincerity